পঞ্চম অধ্যায়
রাসায়নিক বন্ধন

LECTURE SHEET

জেনে রাখ

- কোনো মৌলের সর্বশেষ প্রধান শক্তিস্তরের মোট ইলেকট্রন সংখ্যা সেই মৌলের যোজন ইলেকট্রন বা যোজ্যতা ইলেকট্রন।
- Li, Na, O, F এর যোজ্যতা ইলেকট্রন সংখ্যা যথাক্রমে 1, 1, 6 ও 7।

N ও Ca এর যোজ্যতা ইলেকট্রন সংখ্যা যথাক্রমে 5 ও 2।

জেনে রাখ

- কোনো মৌলের ইলেকট্রন বিন্যাসের সর্বশেষ কক্ষপথে যত সংখ্যক ইলেকট্রন থাকে অথবা যত সংখ্যক বিজোড় ইলেকট্রন থাকে তাকে ঐ মৌলের যোজনী বা যোজ্যতা বলে।
- ধাতব মৌলের ক্ষেত্রে সর্বশেষ কক্ষপথের ইলেকট্রন সংখ্যা মৌলের যোজ্যতা নির্দেশ করে।
- অধাতব মৌলের ক্ষেত্রে সর্বশেষ কক্ষপথের বিজোড় ইলেকট্রন সংখ্যামৌলের যোজ্যতা নির্দেশ কর।
- মৌলের সর্বশেষ কক্ষপথের উপস্তরসমূহের মধ্যে ইলেকট্রন পুনর্বিন্যাসের কারণে বিজোড় ইলেকট্রন সংখ্যা পরিবর্তিত হয়। এই মৌলসমূহ পরিবর্তনশীল যোজ্যতা বা একাধিক যোজ্যতা প্রদর্শন করে।
- উচ্চ পারমাণবিক সংখ্যাবিশিষ্ট ধাতব মৌল পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে।
- যোজ্যতা মূলত কোনো মৌলের অন্য মৌলের সাথে যুক্ত হওয়ার সামর্থ্য বা ক্ষমতা।

পর্যায় সারণির নিষ্ক্রিয় মৌলসমূহের যোজ্যতা শূন্য ধরা হয়।

জেনে রাখ

- যৌগমূলক হচ্ছে একাধিক মৌলের একাধিক পরমাণুর সমন্বয়ে গঠিত একটি পরমাণুগুচ্ছ যা একটি আয়নের ন্যায় আচরণ করে।
- যৌগমূলকসমূহকে আধানসহ লেখা হয়।
- এরা ধনাত্মক বা ঋণাত্মক আধানবিশিষ্ট হতে পারে।

যৌগমূলকসমূহের আধানই তাদের যোজ্যতা

জেনে রাখ

- প্রত্যেক যৌগের পৃথক সংকেত থাকে।
- সংকেত যৌগের অণুতে পরমাণু বা আয়নের অনুপাত প্রকাশ করে।
- আধানবিশিষ্ট আয়ন ও নিরপেক্ষ পরমাণু দ্বারা যৌগের অণু গঠিত হয়।
- ধনাত্মক ও ঋণাত্মক আধানবিশিষ্ট আয়ন দ্বারা যৌগ গঠিত হলে যৌগের মোট আধান শূন্য হয়।
- ধনাত্মক ও ঋণাত্মক আয়ন দ্বারা গঠিত যৌগের সংকেত লেখার সময় ধনাত্মক অংশ প্রথমে এবং ঋণাত্মক অংশ পরে লেখা হয়।

দুটি নিরপেক্ষ পরমাণুর মাধ্যমে যৌগ গঠনের সময় সাধারণত পর্যায় সারণির বামপাশের মৌলকে প্রথমে লেখা হয়।

জেনে রাখ

- পর্যায় সারণির 18 গ্রুপের মৌলসমূহকে নিষ্ক্রিয় গ্যাস বলা হয়।
- এই গ্রুপের মৌলসমূহ হলো হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন ও রেডন।
- একমাত্র হিলিয়াম ছাড়া অন্য সকল নিষ্ক্রিয় মৌলের যোজ্যতা স্তর s^2p^6 অর্থাৎ 8টি ইলেকট্রন দ্বারা পূর্ণ।
- He এর যোজ্যতা স্তরে 2টি ইলেকট্রন থাকে।
- এসব মৌলের যোজ্যতা স্তরের ৪টি ইলেকট্রন স্থিতিশীল অবস্থা প্রদান করে। এ কারণে মৌলসমূহ রাসায়নিকভাবে নিষ্ক্রিয়।

অন্যান্য মৌল ইলেকট্রন গ্রহণ বা বর্জন করে নিকটবর্তী পারমাণবিক সংখ্যাবিশিষ্ট নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস অর্জন করতে চায়। এর দ্বারা মৌলসমূহ স্থায়িত্ব অর্জন করে।

জেনে রাখ

- স্থিতিশীলতা অর্জনের জন্য মৌলসমূহ নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস লাভ করতে চায়।
- মৌলের He–এর ইলেকট্রন বিন্যাস লাভ করাকে দুই–এর নিয়ম এবং যোজ্যতা স্তরে ৪টি ইলেকট্রন বিন্যাস লাভ করাকে অষ্টক নিয়ম বলে।
- H, Li পরমাণু যৌগের অণু গঠনের সময় এদের নিকটতম নিষ্ক্রিয় গ্যাস হিলিয়ামের ইলেকট্রন বিন্যাস লাভ করতে চায়।

F, Cl, Br সহ অন্যান্য পরমাণু যৌগের অণু গঠনের সময় এদের নিকটতম নিষ্ক্রিয় গ্যাস নিয়ন, আর্গন, ক্রিপটন ইত্যাদির ইলেকট্রন বিন্যাস লাভ করতে চায়।

জেনে রাখ

- বিভিন্ন মৌল ইলেকট্রন আদান–প্রদান অথবা শেয়ারের মাধ্যমে বন্ধন গঠন করে।
- কোনো মৌলের শেষ শক্তিস্তরে ইলেকট্রন অর্থাৎ যোজ্যতা ইলেকট্রন বন্ধন গঠনে অংশগ্রহণ করে।
- প্রতিটি পরমাণুরই লক্ষ্য থাকে ইলেকট্রন গ্রহণ বা বর্জনের মাধ্যমে তার নিকটবর্তী নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস লাভ করা।
- ১ থেকে ১৭ পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলসমূহ বন্ধনকালে খুব সহজেই দুই–এর বা অষ্টক নিয়ম মেনে চলে।

যে আকর্ষণ বলের মাধ্যমে একটি পরমাণু অন্য পরমাণুর সাথে যুক্ত হয় তাকে রাসায়নিক বন্ধন বলে।

জেনে রাখ

- ধনাত্মক চার্জযুক্ত পরমাণুকে ক্যাটায়ন বলে।
- ঋণাত্মক চার্জযুক্ত পরমাণুকে অ্যানায়ন বলে।
- স্বাভাবিক অবস্থায় পরমাণুতে ইলেকট্রন ও প্রোটন সংখ্যা সমান থাকে।
- পরমাণুতে ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত আর প্রোটন ধনাত্মক চার্জযুক্ত থাকে।
- একটি ইলেকট্রন ত্যাগের কারণে পরমাণুতে ধনাত্মক চার্জের পরিমাণ এক একক বেড়ে যায়। তখন এটি একটি একক ধনাত্মক চার্জযুক্ত আয়নে পরিণত হয়। একে ক্যাটায়ন বলে।

একটি ইলেকট্রন গ্রহণের কারণে পরমাণুতে ঋণাত্মক চার্জের পরিমাণ এক একক বেড়ে যায়। তখন এটি একটি একক ঋণাত্মক চার্জযুক্ত আয়নে পরিণত হয়। একে অ্যানায়ন বলে।

- ক্যাটায়ন ও অ্যানায়ন কাছাকাছি এসে আয়নিক বন্ধন গঠন করে।
- ধনাত্মক ও ঋণাত্মক আয়ন দ্বারা গঠিত হয় আয়নিক বন্ধন।
- আয়নিক বন্ধন সাধারণত পর্যায় সারণির গ্রুপ 1 ও 2–এর ধাতু এবং 16 ও 17–এর অধাতুর মধ্যে ঘটে থাকে।
- ধাতুসমূহ ইলেকট্রন বর্জন করে ক্যাটায়নে এবং অধাতুসমূহ ধাতু কর্তৃক দানকৃত ইলেকট্রন গ্রহণ করে অ্যানায়নে পরিণত হয়।
- দুটি ভিন্নধর্মী পরমাণুর মাধ্যমে গঠিত হয় আয়নিক যৌগ।
- পর্যায় সারণির 1 থেকে 20 পর্যন্ত পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলসমূহই প্রকৃতপক্ষে আয়নিক বন্ধন গঠন করে।

আয়নিক বন্ধনে আবদ্ধ মৌলসমূহ বন্ধন গঠনকালে দুই–এর নীতি ও অষ্টক নীতি অনুসরণ করে।

জেনে রাখ

- সর্বশেষ শক্তিস্তরে স্থায়ী ইলেকট্রন বিন্যাস লাভের জন্য ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন গঠিত হয়, তাকে সমযোজী বন্ধন বলে।
- সাধারণত দুটি অধাতব পরমাণুর মধ্যে সমযোজী বন্ধন ঘটে থাকে।
- বন্ধনে অংশগ্রহণকারী পরমাণু সমসংখ্যক ইলেকট্রন যোগান দিয়ে এক বা একাধিক ইলেকট্রন যুগল সৃষ্টি করে যা উভয় পরমাণু সমানভাবে শেয়ার করে।
- সমযোজী বন্ধনে গঠিত মৌলিক অণুকে (যেমন : O_2) সমযোজী অণু এবং যৌগকে সমযোজী যৌগ (যেমন : O_2) বলে।
- কিছু সমযোজী যৌগের অণু কম তাপমাত্রায় গ্যাসীয় অবস্থায় থাকে (CO_2, CH_4, NH_3 ইত্যাদি) এবং কিছু কঠিন অবস্থায় থাকে (S_8, I_2 ইত্যাদি)।
- এদের অণুসমূহ দুর্বল ভ্যানডার ওয়ালস্ শক্তি দ্বারা আবদ্ধ থাকে যা কম তাপমাত্রায় ভেঙে যায়।

CO_2, CH_4, NH_3 ইত্যাদির অণুসমূহের মধ্যে ভ্যানডার ওয়ালস্ শক্তি নেই বললেই চলে, যার ফলে এরা গ্যাসীয় অবস্থায় একক অণু হিসেবে ঘুরে বেড়ায়।

জেনে রাখ

- আয়নিক যৌগসমূহের গলনাংক ও স্ফুটনাংক উচ্চ এবং সমযোজী যৌগসমূহের গলনাংক ও স্ফুটনাংক নিম্ন।
- আয়নিক যৌগের অণুতে ধনাত্মক ও ঋণাত্মক প্রান্ত থাকায় এদের আন্তঃআণবিক শক্তি বেশি হয়। অপরদিকে, সমযোজী যৌগের অণু নিরপেক্ষ হওয়ায় এদের অণুসমূহের মধ্যে দুর্বল ভ্যানডার ওয়ালস্ আকর্ষণ শক্তি বিদ্যমান থাকে।
- পানিতে প্রায় সকল আয়নিক যৌগ দ্রবীভূত হয়। অপরদিকে, বেশিরভাগ সমযোজী যৌগ পানিতে দ্রবীভূত হয় না। চিনি ও অ্যালকোহল সমযোজী যৌগ হওয়া সত্ত্বেও পানিতে দ্রবীভূত হয়।
- আয়নিক যৌগ কঠিন অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে না কিন্তু গলিত এবং দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে।
- বিদ্যুৎ পরিবহনের জন্য মুক্ত আয়ন বা ইলেকট্রনের উপস্থিতি এবং তাদের চলাচলের প্রয়োজন হয়। আয়নিক যৌগের কঠিন অবস্থায় তা সম্ভব হয় না কিন্তু গলিত এবং দ্রবীভূত অবস্থায় তা সম্ভব হয়।

- সমযোজী যৌগসমূহ বিদ্যুৎ পরিবাহী হয় না। বিদ্যুৎ পরিবহনের জন্য যে আয়ন প্রয়োজন তা সমযোজী যৌগে নেই।
- সমযোজী বন্ধনে শেয়ারকৃত ইলেকট্রনকে আকর্ষণ করার ক্ষমতাকে তড়িৎ ঋণাত্মকতা বলে।
- তড়িৎ ঋণাত্মকতার কারণে সমযোজী যৌগের অণুতে আংশিক ধনাত্মক ও আংশিক ঋণাত্মক প্রান্ত সৃষ্টি হওয়ার ঘটনাকে বলে পোলারিটি।
- যে সমযোজী যৌগে পোলারিটি সৃষ্টি হয় তাকে পোলার সমযোজী যৌগ বলে।

পোলার সমযোজী যৌগসমূহ পানিতে দ্রবীভূত হয়।

◘ জেনে রাখ

- ধাতব পরমাণুসমূহ যে আকর্ষণ বল দ্বারা পরস্পরের সাথে আবদ্ধ থাকে তাকে ধাতব বন্ধন বলে।
- সকল ধাতুরই শেষ শক্তিস্তরে কমসংখ্যক ইলেকট্রন আছে। এই ইলেকট্রনগুলো পরমাণুর কক্ষপথ থেকে বের হয়ে সমগ্র ধাতব খন্ডে মুক্তভাবে চলাচল করে।
- ইলেকট্রন হারিয়ে ধাতুর পরমাণুগুলো আয়নে পরিণত হয়ে এক ত্রিমাত্রিক কেলাসে অবস্থান করে।
- সঞ্চরণশীল ইলেকট্রনের কারণে ধাতব খন্ডে উচ্চচাপ ও বিদ্যুৎ পরিবাহিতা, নমনীয়তা, ঘাতসহতা প্রভৃতি বৈশিষ্ট্যের সৃষ্টি হয়।

সব ধাতুই বিদ্যুৎ সুপরিবাহী।

● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ॥ ১ ॥ দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয় এমন দুটি পদার্থের নাম বল যার একটি সমযোজী এবং অপরটি তড়িৎযোজী যৌগ।

উত্তর : দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয় এমন একটি সমযোজী যৌগ পানি (H_2O) এবং তড়িৎযোজী যৌগ খাবার লবণ (NaCl)।

প্রশ্ন ॥ ২ ॥ P পরমাণুর যোজনী ইলেকট্রন কত?

উত্তর : P পরমাণুর ইলেকট্রন বিন্যাস হলো 2, 8, 5 অর্থাৎ এর সবচেয়ে বাইরের কক্ষপথে 5টি ইলেকট্রন আছে। P মৌলের যোজনী ইলেকট্রন 5।

প্রশ্ন ॥ ৩ ॥ অ্যামোনিয়া অণুর গঠনে কী জাতীয় বন্ধন দেখা যায়?

উত্তর : অ্যামোনিয়া অণুর গঠনে সমযোজী বন্ধন দেখা যায়।

প্রশ্ন ॥ ৪ ॥ Na এবং F পরস্পর যুক্ত হয়ে কী জাতীয় যৌগ উৎপন্ন করে?

উত্তর : Na^+ এবং F^- আয়ন তড়িৎ আকর্ষণ দ্বারা পরস্পরের সঙ্গে যুক্ত হয়ে তড়িৎযোজী NaF অণু গঠন করে।

প্রশ্ন ॥ ৫ ॥ নিষ্ক্রিয় গ্যাসসমূহ আয়ন না পরমাণু?

উত্তর : নিষ্ক্রিয় গ্যাসসমূহ পরমাণু, আয়ন নয়।

প্রশ্ন ॥ ৬ ॥ নিষ্ক্রিয় শ্রেণির মৌলসমূহের যোজনী কত?

উত্তর : নিষ্ক্রিয় শ্রেণির মৌলসমূহের যোজনী শূন্য।

প্রশ্ন ॥ ৭ ॥ কোনো মৌলের উপরে ডানদিকে * চিহ্ন দ্বারা কী প্রকাশ করা হয়?

উত্তর : কোনো মৌলের উপরে ডানদিকে * চিহ্ন দ্বারা ঐ মৌলের উত্তেজিত অবস্থা প্রকাশ করা হয়।

প্রশ্ন ॥ ৮ ॥ যৌগমূলকের যোজ্যতা আসলে কী?

উত্তর : যৌগমূলকের আধানই তাদের যোজ্যতা।

প্রশ্ন ॥ ৯ ॥ যৌগের মোট আধান কত?

উত্তর : যৌগের মোট আধান শূন্য।

প্রশ্ন ॥ ১০ ॥ নিষ্ক্রিয় গ্যাসসমূহ পর্যায় সারণির কোন গ্রুপে অবস্থান করে?

উত্তর : নিষ্ক্রিয় গ্যাসসমূহ পর্যায় সারণির 18 গ্রুপে অবস্থান করে।

প্রশ্ন ॥ ১১ ॥ কোনো মৌলের কোন ইলেকট্রন বন্ধন গঠনে অংশগ্রহণ করে?

উত্তর : কোনো মৌলের শেষ শক্তিস্তরের ইলেকট্রন বন্ধন গঠনে অংশগ্রহণ করে।

প্রশ্ন ॥ ১২ ॥ ক্যাটায়ন কাকে বলে?

উত্তর : ধনাত্মক চার্জযুক্ত পরমাণুকে ক্যাটায়ন বলে।

প্রশ্ন ॥ ১৩ ॥ দুটি ভিন্নধর্মী পরমাণুর মাধ্যমে কী গঠিত হয়?

উত্তর : দুটি ভিন্নধর্মী পরমাণুর মাধ্যমে আয়নিক বন্ধন গঠিত হয়।

প্রশ্ন ॥ ১৪ ॥ পর্যায় সারণির কোন মৌলসমূহ duplet ও Octet অনুসরণ করে?

উত্তর : পর্যায় সারণির 1 থেকে 20 পর্যন্ত পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলসমূহ duplet ও Octet অনুসরণ করে।

প্রশ্ন ॥ ১৫ ॥ যৌগমূলকের যোজ্যতা কী?

উত্তর : যৌগমূলকসমূহের আধান সংখ্যাই তাদের যোজ্যতা।

প্রশ্ন ॥ ১৬ ॥ কোন মৌল পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে?

উত্তর : উচ্চ পারমাণবিক সংখ্যাবিশিষ্ট ধাতব মৌল পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে।

প্রশ্ন ॥ ১৭ ॥ যোজ্যতা থেকে কীভাবে সংকেত লেখা হয়?

উত্তর : একটি মৌলের যোজ্যতাকে অপর মৌলের সংখ্যা হিসেবে ধরে পরমাণু সংখ্যার অনুপাত থেকে সংকেত লেখা হয়।

প্রশ্ন ॥ ১৮ ॥ প্রতিটি পরমাণুর লক্ষ্য কোনটি?

উত্তর : প্রতিটি পরমাণুরই লক্ষ্য থাকে ইলেকট্রন গ্রহণ বা বর্জনের মাধ্যমে নিকটবর্তী নিষ্ক্রিয় মৌলের ইলেকট্রন বিন্যাস অর্জন করা।

প্রশ্ন ॥ ১৯ ॥ মুক্ত জোড় ইলেকট্রন কী?

উত্তর : কোনো পরমাণুর যোজ্যতাস্তরের ইলেকট্রন জোড় যাহা বন্ধন গঠনে অংশগ্রহণ করে না, তাদের মুক্ত জোড় ইলেকট্রন বলে।

প্রশ্ন ॥ ২০ ॥ আয়নিক যৌগের আন্তঃআণবিক শক্তি বেশি কেন?

উত্তর : আয়নিক যৌগের অণুতে ধনাত্মক ও ঋণাত্মক প্রান্ত থাকায় এদের আন্তঃআণবিক শক্তি বেশি হয়।

প্রশ্ন ॥ ২১ ॥ তড়িৎ ঋণাত্মকতা কী?

উত্তর : সমযোজী বন্ধনে শেয়ারকৃত ইলেকট্রনকে আকর্ষণ করার ক্ষমতাকে তড়িৎ ঋণাত্মকতা বলে।

প্রশ্ন ॥ ২২ ॥ পোলারিটি কী?

উত্তর : সমযোজী যৌগের অনুতে আংশিক ঋণাত্মক প্রান্তের এবং আংশিক ধনাত্মক প্রান্তের সৃষ্টি হওয়াকে পোলারিটি বলে।

অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ॥ ১ ॥ নিম্নলিখিত যৌগগুলোর মধ্যে কোনটি তড়িৎযোজী যৌগ, ব্যাখ্যা কর।

$CaCl_2$, NH_3, MgO, CO_2

উত্তর : যৌগগুলোর মধ্যে $CaCl_2$ ও MgO তড়িৎযোজী এবং NH_3 ও CO_2 সমযোজী যৌগ। $CaCl_2$ যৌগে Ca^{++} এবং Cl^- আয়ন এবং MgO যৌগে Mg^{++} এবং O^{--} আয়ন তড়িৎ আকর্ষণের সাহায্যে পরস্পর যুক্ত হয়ে $CaCl_2$ ও MgO অণু গঠন করে। তাই এগুলো তড়িৎযোজী যৌগ।

প্রশ্ন ॥ ২ ॥ কী কী উপায়ে একটি পরমাণু সুস্থিত ইলেকট্রন বিন্যাস লাভ করতে পারে?

উত্তর : একটি পরমাণু সুস্থিত ইলেকট্রন বিন্যাস দুটি উপায়ে অর্জন করতে পারে–

১. একটি পরমাণু এর সবচেয়ে বাইরের কক্ষপথ থেকে এক বা একাধিক ইলেকট্রন বর্জন বা ইলেকট্রন গ্রহণ করে এর সর্বশেষ কক্ষপথে ইলেকট্রন সংখ্যা 2 বা 8 বিন্যাস লাভ করতে পারে।

২. দুটি একই বা ভিন্ন মৌলের পরমাণুর সবচেয়ে বাইরের কক্ষপথ থেকে সমসংখ্যক ইলেকট্রন এসে এক বা একাধিক ইলেকট্রন জোড় সৃষ্টি করে উভয় পরমাণু সমভাবে এ ইলেকট্রন জোড়কে ব্যবহার করে সুস্থিত ইলেকট্রন বিন্যাস অর্জন করতে পারে।

প্রশ্ন ॥ ৩ ॥ CH_4 যৌগে কার্বনের যোজনী কত হবে?

উত্তর : CH_4 যৌগে কার্বনের যোজনী 4। কার্বন পরমাণুর (2, 4) বাইরের স্তরে 4টি ইলেকট্রন আছে। C এর এ 4টি ইলেকট্রন 4টি H পরমাণুর সঙ্গে 4টি ইলেকট্রন জোড় সৃষ্টি করে। একটি C পরমাণু 4টি ইলেকট্রন জোড় গঠন করার জন্য C এর যোজনী 4 হয়।

প্রশ্ন ॥ ৪ ॥ নিষ্ক্রিয় মৌলগুলো যৌগ গঠন করে না কেন?

উত্তর : হিলিয়াম ছাড়া অন্যান্য নিষ্ক্রিয় গ্যাসের পরমাণুর সর্বশেষ কক্ষে 8টি ইলেকট্রন আছে। কোনো মৌলের পরমাণুর সবচেয়ে বাইরের কক্ষে ইলেকট্রন সংখ্যা যখন 8 হয় তখনই পরমাণুটি সুস্থিত ইলেকট্রন বিন্যাস লাভ করে। সুস্থিত ইলেকট্রন বিন্যাস লাভ করে বলে নিষ্ক্রিয় মৌলগুলো যৌগ গঠন করে না।

প্রশ্ন ॥ ৫ ॥ তড়িৎযোজী যৌগের দুটি বৈশিষ্ট্য উলেরখ কর।

উত্তর : তড়িৎযোজী যৌগের দুটি বৈশিষ্ট্য নিম্নরূপ :

১. তড়িৎযোজী যৌগের অণুগুলোর মধ্যে আকর্ষণ তীব্র হওয়ায় এদের গলনাঙ্ক এবং স্ফুটনাঙ্ক বেশি হয় এবং যৌগগুলো অনুদ্বায়ী হয়।

২. তড়িৎযোজী যৌগের অণুগুলো পোলার অর্থাৎ এ জাতীয় যৌগের অণুগুলোর প্রত্যেকটি ছোট ছোট চুম্বকের মতো আচরণ করে, ফলে অণু-অণুর মধ্যে আকর্ষণ খুব বেশি হয়।

প্রশ্ন ॥ ৬ ॥ সমযোজী যৌগের দুটি বৈশিষ্ট্য লেখ।

উত্তর : সমযোজী যৌগের দুটি বৈশিষ্ট্য নিম্নরূপ :

১. সমযোজী যৌগের অণুগুলোর মধ্যে আকর্ষণ কম হওয়ায় এদের গলনাঙ্ক এবং স্ফুটনাঙ্ক অনেক কম হয়।

২. সমযোজী যৌগ তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ। এরা গলিত বা দ্রবীভূত অবস্থায় বিয়োজিত হয়ে আয়নে পরিণত হয় না, ফলে তড়িৎ পরিবহন করে না।

প্রশ্ন ॥ ৭ ॥ কার্বন আয়নিক যৌগ গঠন করে না–ব্যাখ্যা কর।

উত্তর : কার্বন মৌলের পারমাণবিক সংখ্যা 6 হওয়ায় এর ইলেকট্রন বিন্যাস 2, 4। অর্থাৎ, কার্বনের সবচেয়ে বাইরের স্তরে 4টি ইলেকট্রন আছে। আয়নিক বন্ধন গঠনের জন্য এর 4টি করে ইলেকট্রন বর্জন ও গ্রহণ করতে হয়। এর জন্য এর অধিক মাত্রায় শক্তি অর্জনের দরকার হয়। এ কারণে কার্বন আয়নিক যৌগ গঠন করে না।

প্রশ্ন ॥ ৮ ॥ দুটি মৌল A এবং B পারমাণবিক সংখ্যা যথাক্রমে 20 এবং 17। এ মৌল দুটি রাসায়নিকভাবে যুক্ত হলে তাদের মধ্যে সমযোজী না তড়িৎযোজী বন্ধনী রচিত হবে?

উত্তর : A মৌলের পারমাণবিক সংখ্যা 20। সুতরাং A মৌলটি Ca। B মৌলের পারমাণবিক সংখ্যা 17। সুতরাং B মৌলটি Cl। Ca^{++} এবং Cl^{-} আয়ন তড়িৎ আকর্ষণের সাহায্যে পরস্পর যুক্ত হয়ে $CaCl_2$ অণু গঠন করে। তাই $CaCl_2$ একটি তড়িৎযোজী যৌগ।

ক্যালসিয়াম পরমাণু এর শেষ কক্ষপথের 2টি ইলেকট্রন বর্জন করে আর্গনের কাঠামো লাভ করে Ca^{++} আয়নে পরিণত হয়। অন্যদিকে, 2টি ক্লোরিন পরমাণুর প্রত্যেকে 1টি করে ঐ বর্জিত ইলেকট্রন গ্রহণ করে Cl^{-} আয়নে পরিণত হয় এবং প্রতিটি Cl পরমাণু আর্গনের কাঠামো লাভ করে। এভাবে উৎপন্ন একটি Ca^{++} আয়ন এবং দুটি Cl^{-} আয়ন তড়িৎ আকর্ষণে পরস্পরের সঙ্গে মিলিত হয়ে $CaCl_2$ অণু গঠন করে।

প্রশ্ন ॥ ৯ ॥ X এবং Y মৌল দুটির পারমাণবিক সংখ্যা যথাক্রমে 9 এবং 20। মৌল দুটি দ্বারা গঠিত যৌগের সংকেত কী?

উত্তর : X মৌলের পারমাণবিক সংখ্যা 9। সুতরাং X মৌলটির নাম F। Y মৌলের পারমাণবিক সংখ্যা 20। সুতরাং Y মৌলটির নাম Ca। ক্যালসিয়াম পরমাণু এর বাইরের শক্তিস্তরের 2টি ইলেকট্রন বর্জন করে আর্গনের কাঠামো লাভ করে Ca^{++} আয়নে পরিণত হয়। অন্যদিকে 2টি ফ্লোরিন পরমাণুর প্রত্যেকে 1টি করে ঐ বর্জিত ইলেকট্রন গ্রহণ করে F^{-} আয়নে পরিণত হয় এবং প্রতিটি F পরমাণু নিয়নের কাঠামো লাভ করে। এভাবে উৎপন্ন একটি Ca^{++} আয়ন এবং দুটি F^{-} আয়ন তড়িৎ আকর্ষণে পরস্পরের সঙ্গে মিলিত হয়ে CaF_2 অণু গঠন করে।

প্রশ্ন ॥ ১০ ॥ একটি পরমাণুর L কবে 8টি এবং M কবে 3টি ইলেকট্রন আছে। অন্য একটি পরমাণুর শেষ কবে 6টি ইলেকট্রন আছে। পরমাণু দুটি যুক্ত হলে কী জাতীয় যৌগ উৎপন্ন হবে?

উত্তর : একটি পরমাণুর L কক্ষে 8টি এবং M কক্ষে 3টি ইলেকট্রন আছে। সুতরাং মৌলটির (2, 8, 3) নাম অ্যালুমিনিয়াম। অন্য একটি পরমাণুর শেষ কক্ষে 6টি ইলেকট্রন আছে। সুতরাং মৌলটির (2, 6) নাম অক্সিজেন। দুটি Al পরমাণুর প্রত্যেকে নিজের বাইরের কক্ষের 3টি ইলেকট্রন বর্জন করে নিয়নের কাঠামো লাভ করে Al^{+++} আয়নে পরিণত হয়। O পরমাণু ওই 3টি বর্জিত ইলেকট্রন সর্বশেষ কক্ষে গ্রহণ করে O^{--} আয়নে পরিণত হয় এবং নিয়নের ইলেকট্রন বিন্যাস অর্জন করে। Al^{+++} এবং O^{--} আয়ন পরস্পর যুক্ত হয়ে আয়নিক যৌগ Al_2O_3 গঠন করে।

প্রশ্ন ॥ ১১ ॥ NaCl এবং CCl_4 যৌগের প্রধান পার্থক্য ছক আকারে সাজিয়ে বর্ণনা কর।

উত্তর : NaCl একটি তড়িৎযোজী যৌগ। CCl_4 একটি সমযোজী যৌগ। এ যৌগদ্বয়ের মধ্যে পার্থক্য নিম্নরূপ :

NaCl	CCl_4
NaCl তড়িৎ বিশ্লেষ্য পদার্থ। পানিতে দ্রবীভূত বা গলিত অবস্থায় বিয়োজিত হয়ে আয়ন উৎপন্ন করে এবং তড়িৎ পরিবহন করে। $NaCl = Na^{+} + Cl^{-}$	CCl_4 তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ। কোনো অবস্থায় আয়ন উৎপন্ন করে না। ফলে তড়িৎ পরিবহন করে না।
গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক অনেক বেশি। গলনাঙ্ক 801°C ও স্ফুটনাঙ্ক 1465°C।	গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক অনেক কম। গলনাঙ্ক –28°C ও স্ফুটনাঙ্ক 77°C।
NaCl পানিতে দ্রাব্য কিন্তু বেনজিন, পেট্রোল, হেক্সেন ইত্যাদি জৈব দ্রাবকে অদ্রাব্য।	CCl_4 পানিতে অদ্রাব্য কিন্তু বেনজিন, হেক্সেন ইত্যাদি জৈব দ্রাবকে দ্রাব্য।

প্রশ্ন ॥ ১২ ॥ আয়নিক যৌগের কেলাস আকৃতির কারণ কী?

উত্তর : আয়নিক যৌগে এককভাবে কোনো অণুর অস্তিত্ব নেই। সকল আয়নিক যৌগ কঠিন অবস্থায় অসংখ্য আয়ন একত্রিত হয়ে বিশেষ ধরনের জালিকা তৈরি করে। এক্ষেত্রে আয়নিক যৌগসমূহে বিপরীতধর্মী আয়ন যথাসম্ভব পরস্পরের নিকটে এবং সমধর্মী আয়ন যথাসম্ভব পরস্পর হতে দূরে অবস্থান করে। এসব যৌগ একটি নিয়মিত জ্যামিতিক আকৃতির কাঠামো গঠন করে। তাই আয়নিক যৌগ দানাদার বা কেলাসাকার হয়।

প্রশ্ন ॥ ১৩ ॥ নিষ্ক্রিয় মৌলসমূহের যোজ্যতা শূন্য ধরা হয় কেন?

উত্তর : নিষ্ক্রিয় মৌলসমূহ সাধারণত অন্য কোনো মৌলের সাথে যুক্ত হয় না বলে এদের যোজ্যতা শূন্য ধরা হয়।

সাধারণত যেসব মৌলের পরমাণুর সর্ববহিস্থ শক্তিস্তরে দ্বৈত বা অষ্টকপূর্ণ থাকে না, তারাই স্থিতিশীলতা অর্জনের জন্য অন্য মৌলের সাথে যুক্ত হয়ে নিস্ক্রিয় মৌলের ইলেকট্রনবিন্যাস লাভ করতে চায়। অর্থাৎ যোজ্যতা প্রদর্শন করে। কিন্তু নিষ্ক্রিয় মৌলসমূহের সর্ববহিস্থ কক্ষপথে অষ্টকপূর্ণ থাকে বলে তারা

স্থিতিশীল। কাজেই তাদের অন্য কোনো মৌলের সাথে যুক্ত হতে হয় না। এ কারণেই নিষ্ক্রিয় মৌলসমূহ যোজ্যতা প্রদর্শন করে না। তাই তাদের যোজ্যতা শূন্য ধরা হয়।

প্রশ্ন ॥ ১৪ ॥ অধাতুসমূহ নিজেদের মধ্যে ইলেকট্রন শেয়ার করে কেন?
উত্তর : বন্ধন গঠনের জন্য ইলেকট্রন ত্যাগ বা গ্রহণের জন্য প্রয়োজনীয় শক্তি নেই বলেই অধাতুসমূহ ইলেকট্রন শেয়ার করে।
সমযোজী অণু গঠনকারী প্রতিটি পরমাণুই অধাতু। হাইড্রোজেন ছাড়া সব অধাতু মৌলেরই শেষ শক্তিস্তরে তিনের অধিক ইলেকট্রন রয়েছে। দুই–এর ও অষ্টক নিয়ম অনুসারে যৌগ গঠন করার জন্য ইলেকট্রন ত্যাগ বা গ্রহণের জন্য যতটা প্রয়োজন তা তাদের নেই। ফলে নিজেদের মধ্যে তারা ইলেকট্রন শেয়ার করে।

প্রশ্ন ॥ ১৫ ॥ কিছু কিছু সমযোজী যৌগ গ্যাসীয় অবস্থায় একক অণু হিসেবে ঘুরে বেড়ায় কেন?
উত্তর : কিছু কিছু সমযোজী যৌগের অণুসমূহের মধ্যে ভ্যানডার ওয়ালস শক্তি প্রায় নেই বলে তারা একক অণু হিসেবে গ্যাসীয় অবস্থায় ঘুরে বেড়ায়।
সমযোজী যৌগ গঠনকারী মৌলসমূহ প্রতিটিই অধাতু। বন্ধন গঠনের সময় ইলেকট্রন আদান–প্রদান হয় না বলে এদের মধ্যে শক্তিশালী তড়িৎযোজী বন্ধন থাকে না। বরং নিরপেক্ষ অবস্থায় ইলেকট্রন শেয়ার করে বলে এদের অণুসমূহের মধ্যে দুর্বল ভ্যানডার ওয়ালস্ আকর্ষণশক্তি বিদ্যমান থাকে। এ শক্তি কম তাপমাত্রাতেই ভেঙে যায়। যেমন : তরল H_2O, C_2H_5OH, কঠিন S_8, I_2 ইত্যাদি। উপরন্তু CO_2, NH_3, CH_4 ইত্যাদি যৌগের অণুসমূহের মধ্যে ভ্যানডার ওয়ালস্ শক্তি নেই বললেই চলে। যার ফলে তারা গ্যাসীয় অবস্থায় একক অণু হিসেবে ঘুরে বেড়ায়।

প্রশ্ন ॥ ১৬ ॥ নিষ্ক্রিয় গ্যাসকে অভিজাত গ্যাস বলা হয় কেন?
উত্তর : নিষ্ক্রিয় গ্যাসসমূহ অন্য কোনো মৌলের সাথে এমনকি নিজেদের মধ্যেও রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না বিধায় এদেরকে অভিজাত গ্যাস বলে।
পর্যায় সারণির 18নং গ্রুপের ছয়টি মৌল অন্য কোনো মৌল বা মূলকের সাথে রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না, কক্ষ তাপমাত্রা ও চাপে এরা গ্যাসীয় অবস্থায় থাকে এবং রাসায়নিক ধর্ম অন্যান্য মৌল থেকে পৃথক হওয়ায় এদেরকে অভিজাত গ্যাস বলে।

প্রশ্ন ॥ ১৭ ॥ সমযোজী যৌগ পানিতে দ্রবীভূত হয় না কেন?
উত্তর : সমযোজী যৌগসমূহ অপোলার হওয়ায় এরা পানিতে দ্রবীভূত হয় না।
সমযোজী যৌগসমূহ পানিতে সাধারণত দ্রবীভূত হয় না। কেননা, পানির পোলার প্রান্তসমূহকে যথেষ্ট শক্তভাবে আকর্ষণ করার মতো আয়ন সমযোজী যৌগে থাকে না। তবে, সমযোজী যৌগ যদি পোলার হয় তখন তা পানির অণুকে আকর্ষণ করে এবং পানিতে দ্রবীভূত হয়।

প্রশ্ন ॥ ১৮ ॥ রাসায়নিক বন্ধন কীভাবে গঠিত হয়?
উত্তর : রাসায়নিক বন্ধন মূলত দুটি পরমাণুর মধ্যে ইলেকট্রনের আদান–প্রদান বা শেয়ারের মাধ্যমে গঠিত হয়।
বন্ধনে অংশগ্রহণকারী পরমাণুদ্বয়ের তড়িৎ ঋণাত্মকতার ব্যাপক পার্থক্য থাকলে আয়নিক বন্ধন এবং তুলনামূলক কম পার্থক্য থাকলে সমযোজী বন্ধন গঠিত হয়।

BOARD QUESTION

দিনাজপুর বোর্ড-২০২১

(i) $2FeCl_2 + Cl_2 \rightarrow 2FeCl_3$

(ii) $2SO_2(g) + O_2(g) \xrightarrow[1\ atm]{440^\circ - 550^\circ C,\ V_2O_5} 2SO_3(g);\quad \Delta H = -198\ kJ$

ক. বিক্রিয়ার হার কাকে বলে? ১
খ. উভমুখী বিক্রিয়াকে কীভাবে একমুখী করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. (i) বিক্রিয়াটি একটি রেডক্স বিক্রিয়া– ব্যাখ্যা কর। ৩
ঘ. (ii) নং বিক্রিয়ায় লা-শাতেলিয়ার নীতি অনুযায়ী সম্মুখমুখী ও বিপরীতমুখী বিক্রিয়ায় তাপের প্রভাব বিশ্লেষণ কর। ৪

কুমিল-া বোর্ড-২০১৯

▶ A ও B দুইটি মৌল যাদের প্রোটন সংখ্যা যথাক্রমে 20 ও 9।

ক. অরবিট কাকে বলে? ১

খ. তেজস্ক্রিয়তা একটি নিউক্লীয় ঘটনা কেন? ব্যাখ্যা করো। ২

গ. A- মৌলের ইলেকট্রন বিন্যাস কেন $2n^2$ সূত্র অনুসরণ করে না? ব্যাখ্যা করো।৩

ঘ. A ও B দ্বারা গঠিত যৌগ কঠিন অবস্থায় তড়িৎ পরিবহন না করলেও গলিত অবস্থায় করে– বিশে-ষণ করো। ৪

. ★

☰☰☰			Q		P	Ar

পর্যায়ের ডান পার্শ্ব

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. Mg ও Mg^{2+} এর আকার ভিন্ন হয় কেন? ২

গ. উদ্দীপকের পূর্ণ পর্যায়ের মৌলগুলোর আয়নিকরণ শক্তির ক্রমের ব্যাখ্যা দাও। ৩

ঘ. Q-মৌলটি, P-মৌলের সাথে দুই ধরনের যৌগ গঠনের কারণ বিশে-ষণ করো।

চট্টগ্রাম বোর্ড-২০১৯

▶ A, B ও C মৌল তিনটি পর্যায় সারণির ৩য় পর্যায়ে অবস্থিত। এদের বহিঃস্থ স্ড়রের ইলেকট্রনিক গঠন নিম্নরূপ–



ক. তড়িৎ ঋণাত্মকতা কাকে বলে? ১

খ. Rb কে ক্ষার ধাতু বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের B মৌলটি একাধিক যৌজনী প্রদর্শন করতে পারে –ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের মৌল তিনটির পারমাণবিক আকার ও ইলেকট্রন আসক্তি ভিন্ন কি? বিশে-ষণ করো।৪

সিলেট বোর্ড-২০১৯

★ M, D ও E যথাক্রমে পর্যায় সারণির তৃতীয় পর্যায়ের তিনটি মৌল যাদের যোজ্যতা ইলেকট্রন যথাক্রমে 2, 5 ও 7।

ক. অ্যানায়ন কাকে বলে? ১

খ. SO_4^{2-} একটি যৌগ মূলক –ব্যাখ্যা করো। ২

গ. DE_3 অণুর বন্ধন গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. ME_2 ও DE_5 যৌগ দুটির মধ্যে একটি পোলার দ্রাবকে অদ্রবণীয় –বিশে-ষণ করো। ৪

যশোর বোর্ড-২০১৯

▶ (i) $_{6}P$ (ii) $_{19}Q$ (iii) $_{17}R$

[P, Q, R কোনো প্রচলিত প্রতীক নয়]

ক. ঊর্ধ্বপাতন কী? ১

খ. অ্যালুমিনিয়াম বিদ্যুৎ সুপরিবাহী কেন? ২

গ. 'P' এবং 'R' মৌলদ্বয়ের মধ্যে বন্ধন গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. 'Q' এবং 'R' দ্বারা গঠিত যৌগের পানিতে দ্রবীভূত হওয়ার কৌশল বিশে-ষণ করো। ৪

বরিশাল বোর্ড-২০১৯

.▶ (i) $NH_3 + HCl \longrightarrow Q$ (উদ্বায়ী পদার্থ)

(ii) $CHCl_3 + Cl_2 \xrightarrow{h\nu} CCl_4 + HCl$

ক. নিঃসরণ কাকে বলে? ১

খ. অ্যারোসোল বোতলে কোন সাংকেতিক চিহ্ন ব্যবহার হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের Q যৌগের তাপ প্রদানের বক্ররেখা চিত্রসহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়ার উৎপাদ যৌগদ্বয় পানিতে দ্রবণীয় কি? যুক্তিসহ বিশে-ষণ করো।৪

▶



(একটি খ িত পর্যায় সারণি)

ক. গলনাঙ্ক কাকে বলে? ১

খ. পর্যায় সারণিতে 'He' কোন গ্র পে অবস্থিত? ব্যাখ্যা করো। ২

গ. 'D' ও 'Y' মৌল দ্বারা গঠিত যৌগের বন্ধন গঠন বর্ণনা করো। ৩

ঘ. D, L, X মৌলের আয়নিকরণ শক্তির ক্রম বিশে-ষণ করো। ৪

সকল বোর্ড-২০১৮

★ নিচের তথ্যগুলো লক্ষ করো এবং সংশি-ষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

মৌল	পর্যায়	গ্র পে
A	2	14
B	2	17
C	3	2

[এখানে A, B, C প্রতীকী অর্থে ব্যবহৃত]

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. HF একটি পোলার যৌগ– ব্যাখ্যা করো। ২

গ. 'C' মৌলের সাথে 'B' মৌলের বন্ধন গঠন প্রক্রিয়া ডায়াগ্রামের সাহায্যে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের 'A' মৌলের দুটি রূপভেদের একটি বিদ্যুৎ পরিবাহী হলেও অন্যটি নয়– চিত্রসহ বিশে-ষণ করো। ৪

ঢাকা বোর্ড-২০১৭

3	X	Y	—	—	Cl
4	Z	—	—	—	—

[X, Y, Z প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়]

ক. Stoichiometry কী? ১

খ. NH_3 ক্ষারধর্মী– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের গ্র পে I ও পর্যায় 3 এর মৌলগুলোর পারমাণবিক আকারের তুলনা ব্যাখ্যা করো। ৩

ঘ. Y ও Cl এবং C ও Cl দ্বারা গঠিত যৌগদ্বয়ের মধ্যে কোনটি বিদ্যুৎ পরিবাহী এবং কেন? বিশে-ষণ করো। ৪

রাজশাহী বোর্ড-২০১৭

★ নিচের ছকটি লক্ষ করো এবং সংশি-ষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

মৌল	পারমাণবিক সংখ্যা
'X'	12
'Y'	16

[এখানে X এবং Y প্রতীকী অর্থে ব্যবহৃত]

ক. হ্যালোজেন কাকে বলে? ১

খ. Li ও Li^+ এর মধ্যে কোনটির পারমাণবিক আকার বড়? ব্যাখ্যা করো। ২

গ. ইলেকট্রন বিন্যাস উলে-খপূর্বক পর্যায় সারণিতে 'Y' মৌলের অবস্থান নির্ণয় করো। ৩

ঘ. 'X' ও 'Y' মৌল দ্বারা গঠিত যৌগটির পানিতে দ্রবণীয়তা চিত্রসহ ব্যাখ্যা করো। ৪

দিনাজপুর বোর্ড-২০১৭

★ M একটি মৌল, এর যোজনী 3 ও 5। N অপর একটি মৌল এর তিনটি শক্তিস্ড়র ও সর্ববহিঃস্থ স্ড়রে 7 টি ইলেকট্রন বিদ্যমান।
[যেখানে M ও N প্রচলিত প্রতীক নয়]

ক. বেকিং পাউডারের মূল উপাদান কী? ১

খ. $CH_3 - OH$ হাইড্রোকার্বন নয় কেন? ২

গ. M ও N এর মধ্যে কোনটির পারমাণবিক আকার বড়? ব্যাখ্যা দাও। ৩

ঘ. MN_5 যৌগ গঠনে অষ্টক নিয়ম অনুসরণ করে কি? বিশে-ষণ করো। ৪

চট্টগ্রাম বোর্ড-২০১৭

▶

মৌল	আপেক্ষিক ভরসংখ্যা	নিউট্রন সংখ্যা
A	19.00	10
B	40.08	20
C	35.45	18

[A, B এবং C প্রতীকী অর্থে ব্যবহৃত]

ক. মুক্ত মৌলের জারণসংখ্যা কত? ১

খ. সংশে-ষণ বিক্রিয়া বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. পর্যায় সারণিতে উদ্দীপকের A মৌলটির অবস্থান নির্ণয় করে দেখাও। ৩

ঘ. B এবং C মৌল দ্বারা গঠিত যৌগের পানিতে দ্রবীভূত হওয়ার কৌশল বিশে-ষণ করো। ৪

. সিলেট বোর্ড-২০১৭

▶

মৌল	আপেক্ষিক ভর সংখ্যা	নিউট্রন সংখ্যা
A	14.01	7
B	24.31	12
C	35.45	18

[A, B এবং C প্রতীকী অর্থে ব্যবহৃত]

ক. নিরপেক্ষ পরমাণুর জারণ সংখ্যা কত? ১

খ. মোম জ্বালালে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়–ব্যাখ্যা করো। ২

গ. পর্যায় সারণিতে উদ্দীপকের A মৌলটির অবস্থান নির্ণয় করে দেখাও। ৩

ঘ. B এবং C মৌল দ্বারা গঠিত যৌগের পানিতে দ্রবীভূত হওয়ার কৌশল বিশে-ষণ করো। ৪

যশোর বোর্ড-২০১৭

★

মৌল	A	D	E
পারমাণবিক সংখ্যা	19	9	8

ক. টলেন বিকারক কী? ১

খ. একই পদার্থের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক ভিন্ন হয় কেন? ২

গ. A ও D মৌলের মধ্যে কী ধরনের বন্ধন গঠিত হয়– ডায়াগ্রামসহ লেখো। ৩

ঘ. উদ্দীপকের দুইটি মৌল মৌলিক অণু গঠন করে– বিশে-ষণ করো। ৪

বরিশাল বোর্ড-২০১৭

▶ B, C, D, E চারটি মৌলের (প্রতীকী অর্থে) পারমাণবিক সংখ্যা যথাক্রমে 17, 16, 9, 6।

ক. মরিচার সংকেত লেখো। ১

খ. প্রশমন বিক্রিয়া ব্যাখ্যা করো। ২

গ. EB_4 যৌগটিতে কী ধরনের বন্ধন বিদ্যমান তা চিত্রসহ বর্ণনা করো। ৩

ঘ. "মৌলসমূহ যৌগ গঠনে কেবলমাত্র অষ্টক নিয়ম অনুসরণ করে না"– CD_4 যৌগের ক্ষেত্রে তা বিশে-ষণ করো। ৪

ঢাকা বোর্ড-২০১৬

▶

মৌল	পর্যায়	গ্র"প
A	2	14
B	2	17
C	3	2

[এখানে A, B, C প্রতীক অর্থে ব্যবহৃত]

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. ইথানল একটি পোলার যৌগ–ব্যাখ্যা করো। ২

গ. 'C' মৌলের সাথে 'B' মৌলের বন্ধন গঠন প্রক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'A' মৌলের দু'টি রূপভেদের একটি বিদ্যুৎ পরিবাহী হলেও অন্যটি নয়। – চিত্রসহ বিশে-ষণ কর। ৪

রাজশাহী বোর্ড-২০১৬

★ পর্যায় সারণির তৃতীয় পর্যায়ে ২নং ও ১৭ নং গ্র"পের মৌল দুইটি পরস্পরের সাথে যুক্ত হয়ে যৌগ গঠন করে।

ক. মরিচার সংকেত লেখো। ১

খ. Na_2CO_3 এর জলীয় দ্রবণের প্রকৃতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মৌলদ্বয় যে বন্ধনের মাধ্যমে যৌগ গঠন করে, তা চিত্র এঁকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বন্ধনের মাধ্যমে উৎপন্ন যৌগটি পানিতে দ্রবীভূত হবে কিনা বিশে-ষণ কর। ৪

দিনাজপুর বোর্ড-২০১৬

★ (i) $4Na + O_2 \longrightarrow 2A$

(ii) $H_2 + Cl_2 \longrightarrow 2B$

ক. অরবিট কী? ১

খ. অক্সিজেনের আপেক্ষিক পারমাণবিক ভর 16 বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের A যৌগের উপাদান মৌলসমূহের মধ্যে বন্ধন গঠন প্রক্রিয়া চিত্রসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের B যৌগটি একটি পোলার যৌগ — বিশে-ষণ কর। ৪

কুমিল-া বোর্ড-২০১৬

★ $\dot{\underset{\cdot}{\ddot{X}}} : \dot{\underset{\cdot}{\ddot{Y}}} : \cdot \dot{\underset{\cdot}{Z}} \cdot$

উলে-খ্য X ও Y মৌলে দুটি শক্তি স্ড়র থাকলেও মৌলে তিনটি শক্তি স্ড়র বিদ্যমান।

ক. ধাতব বন্ধন কাকে বলে? ১

খ. পটাসিয়ামকে ক্ষার ধাতু বলা হয় কেন? ২

গ. Y ও Z এর মধ্যে গঠিত যৌগ পানির উপস্থিতিতে কীভাবে বিক্রিয়া করে সমীকরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. X ও Y এর মধ্যে যৌগ গঠনের ক্ষেত্রে অকটেট নিয়ম প্রযোজ্য কিনা তা বন্ধন গঠনসহ বিশে-ষণ কর। ৪

চট্টগ্রাম বোর্ড-২০১৬

★



চিত্র-১



চিত্র-২

ক. যোজ্যতা ইলেকট্রন কী? ১

খ. হীরক বিদ্যুৎ অপরিবাহী কিন্তু গ্রাফাইট বিদ্যুৎ পরিবাহী কেন? ২

গ. চিত্র-১ এবং চিত্র-২ এর রাসায়নিক বন্ধন গঠন প্রক্রিয়া চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. (গ) এ প্রাপ্ত যৌগটির পানিতে দ্রবণীয়তার কৌশল বিশে-ষণ কর। ৪

.সিলেট বোর্ড-২০১৬

মৌল	A	D	E	G	J
পারমাণবিক সংখ্যা	19	9	6	18	8

ক. উভমুখী বিক্রিয়া কাকে বলে? ১

খ. উদ্দীপকের কোন মৌলটি নিষ্ক্রিয়? এর কারণ ব্যাখ্যা কর। ২

গ. A ও D মৌলের মধ্যে কী ধরনের বন্ধন গঠিত হয়–ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের একটি মৌল শুধুই সমযোজী বন্ধন গঠন করে– বিশে-ষণ কর। ৪

যশোর বোর্ড-২০১৬

পর্যায় সারণির একটি খন্ডিত অংশ নিচে দেয়া হল :

Li			A
B	D		Cl
C			Br

[A, B, C, D প্রতীকী অর্থে, প্রচলিত কোনো প্রতীক নয়।]

ক. নিউক্লিয়ন সংখ্যা কী? ১

খ. একই পদার্থের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক ভিন্ন কেন? ২

গ. A, B, C এবং D এর পারমাণবিক আকারের ক্রম নির্ণয় কর। ৩

ঘ. উলি-খিত গ্র"প দু'টির একটি গ্র"পের মৌল আয়নিক ও অপর গ্র"পের মৌল আয়নিক ও সমযোজী উভয় ধরনের বন্ধন গঠন করে – মতামত দাও। ৪

প্রশ্ন –১ ▶ নিচের ছকটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :

মৌল	পর্যায়	শ্রেণি
A	2	15
B	3	15

[এখানে A ও B প্রতীকী অর্থে; প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়]

ক. যোজ্যতা ইলেকট্রন কাকে বলে?

খ. $CaCl_2$ বিদ্যুৎ পরিবহন করে কেন? ব্যাখ্যা কর।

গ. A এর ক্লোরাইড–এ কতটি বন্ধন–জোড় ইলেকট্রন বিদ্যমান? ব্যাখ্যা কর।

ঘ. BCl_5 যৌগের স্থিতিশীলতা ব্যাখ্যায় অষ্টক নিয়ম প্রযোজ্য নয়– যুক্তি দাও।

◀◀ ১নং প্রশ্নের উত্তর ▶▶

ক. কোনো মৌলের সর্বশেষ প্রধান শক্তিস্তরের মোট ইলেকট্রন সংখ্যাকে সেই মৌলের যোজ্যতা ইলেকট্রন বলে।

খ. $CaCl_2$ আয়নিক যৌগ। বিদ্যুৎ পরিবহনের জন্য আয়নসমূহের চলাচল দরকার হয় যা $CaCl_2$ এর কঠিন অবস্থায় সম্ভব হয় না। $CaCl_2$ গলিত অবস্থায় Ca^{2+} এবং $2Cl^-$ পরিণত হয়।

$CaCl_2 \rightarrow Ca^{2+}(l) + 2Cl^-(l)$ [গলিত অবস্থায়]

$CaCl_2(s) + H_2O(l) \rightarrow Ca^{2+}(aq) + 2Cl^-(aq)$ [জলীয় দ্রবণে]

এই আয়নগুলো দ্রবীভূত অবস্থায় চলাচল করতে পারে। এই চলাচলের ফলে $CaCl_2$ বিদ্যুৎ পরিবহন করে থাকে।

গ. 'A' পর্যায় সারণির দ্বিতীয় পর্যায়ের 15 শ্রেণির মৌল। উক্ত মৌলটি হলো নাইট্রোজেন (N)। এর ক্লোরাইড যৌগটি হলো নাইট্রোজেন ট্রাইক্লোরাইড NCl_3।

NCl_3 যৌগে উপাদান মৌল N ও Cl এর ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :

$N(7) : 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^1$

এবং $Cl(17) : 1s^2 2s^2 2p^6 3s^2 3p_x^2 3p_y^2 3p_z^1$

অর্থাৎ, N পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে তিনটি এবং Cl পরমাণুর সর্ববহিস্থ স্তরে একটি অযুগ্ম ইলেকট্রন বিদ্যমান।

N পরমাণুর উক্ত বিজোড় ইলেকট্রন Cl পরমাণুর তিনটি অযুগ্ম ইলেকট্রনের সাথে বন্ধন জোড় গঠন করে NCl_3 গঠন করে।

এক্ষেত্রে N পরমাণু ইলেকট্রন শেয়ারের মাধ্যমে নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়নের ইলেকট্রন বিন্যাস অর্জন করে এবং ক্লোরিন পরমাণু তার নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস আর্গন এর ইলেকট্রন বিন্যাস অর্জন করে স্থিতিশীল অবস্থা লাভ করে। নিচে চিত্রের সাহায্যে এ বন্ধনটি দেখানো হলো :

NCl_3(A এর ক্লোরাইড)-এ তিনটি বন্ধন জোড় ইলেকট্রন বিদ্যমান।

ঘ. BCl_5 যৌগের B পরমাণুটি তৃতীয় পর্যায়ের এবং 15 শ্রেণির বিধায় এটি ফসফরাস এবং যৌগটি PCl_5। PCl_5 যৌগের উপাদান মৌল P এবং Cl এর ইলেকট্রন বিন্যাস–

$P(15) : 1s^2 2s^2 2p^6 3s^2 3p_x^1 3p_y^1 3p_z^1$

$Cl\ (17) : 1s^2 2s^2 2p^6 3s^2 3p_x^2 3p_y^2 3p_z^1$

উত্তেজিত অবস্থায়–

$P^*(15) : 1s^2 2s^2 2p^6 3s^1 3p_x^1 3p_y^1 3p_z^1$

এবং $Cl^*\ (17) : 1s^2 2s^2 2p^6 3s^2 3p_x^2 3p_y^2 3p_z^1$

দেখা যাচ্ছে যে, P পরমাণুর স্থিতিশীল ইলেকট্রন বিন্যাস বা অষ্টক পূর্ণতা লাভের জন্য 3টি ইলেকট্রন গ্রহণ প্রয়োজন। অন্যদিকে একই কারণে Cl পরমাণুর 1টি ইলেকট্রন গ্রহণ করা প্রয়োজন। এ কারণে 1টি P পরমাণু 3টি ক্লোরিন পরমাণুর সাথে ইলেকট্রন শেয়ার করে PCl_3 যৌগ গঠন করতে পারে। যা উভয় পরমাণুর জন্য অষ্টক নিয়মকে সমর্থন করে। কিন্তু PCl_5 যৌগে প্রতিটি ক্লোরিন পরমাণুর সর্ববহিস্থ স্তরে 8টি ইলেকট্রন বিদ্যমান হলেও, ফসফরাস পরমাণুর সর্ববহিস্থ স্তরে 10টি ইলেকট্রন পরিলক্ষিত হয় যা অষ্টক নিয়মকে সমর্থন করে না। বরং দুই–এর নিয়মকে সমর্থন করে। প্রকৃতপক্ষে, PCl_5 যৌগের P পরমাণু উত্তেজিত অবস্থায় উপরোক্ত ইলেকট্রন বিন্যাস অনুসারে 5টি অযুগ্ম ইলেকট্রন গঠন করে যার প্রতিটিই ক্লোরিন পরমাণুর অযুগ্ম ইলেকট্রনের সাথে দুই এর নিয়ম অনুসারে যুগ্ম বা জোড়াবদ্ধ হয়ে সমযোজী বন্ধন গঠন করে স্থিতিশীলতা অর্জন করে।
অর্থাৎ PCl_5 যৌগের স্থিতিশীলতা ব্যাখ্যায় অষ্টক নিয়ম অপেক্ষা দুই এর নিয়ম অধিক কার্যকরী।
সুতরাং, BCl_5 যৌগের স্থিতিশীলতা ব্যাখ্যায় অষ্টক নিয়ম প্রযোজ্য নয়।

প্রশ্ন –২ **নিচের চিত্র দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**

[এখানে X এবং Y প্রতীকী অর্থে; প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়]

ক. সমযোজী বন্ধন কাকে বলে?
খ. Na এবং Na^+ আয়নের আকারের ভিন্নতা দেখা যায় কেন?
গ. উদ্দীপকের XY যৌগে কোন ধরনের বন্ধন বিদ্যমান? ব্যাখ্যা কর।
ঘ. X আয়নিক ও সমযোজী উভয় ধরনের যৌগ গঠন করলেও Y কখনও সমযোজী বন্ধন গঠন করে না–যুক্তিসহ ব্যাখ্যা কর।

২নং প্রশ্নের উত্তর

ক. মৌলের পরমাণুসমূহের সর্বশেষ শক্তিস্তরে স্থায়ী ইলেকট্রন বিন্যাস লাভের জন্য ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন গঠিত হয়, তাকে সমযোজী বন্ধন বলে।

খ. ইলেকট্রন বিন্যাসের ভিন্নতার কারণে Na এবং Na^+ আয়নের আকারের ভিন্নতা দেখা যায়।
Na একটি ধাতু এবং Na^+ তার ক্যাটায়ন।
Na এবং Na^+ আয়নের ইলেকট্রন বিন্যাস পর্যবেক্ষণ করে দেখা যায়,
Na (11) : $1s^2 2s^2 2p^6 3s^1$
Na^+(10) : $1s^2 2s^2 2p^6$

দেখা যাচ্ছে যে, Na পরমাণু থেকে 1টি ইলেকট্রন অপসারিত হওয়ায় তার একটি শক্তিস্তর হ্রাস পেয়েছে। এ কারণেই Na এবং Na^+ আয়নের আকারের ভিন্নতা দেখা যায়।

গ. উদ্দীপকের চিত্রে X পরমাণুর ইলেকট্রন বিন্যাস হলো :
X (8) : 2, 6
অর্থাৎ X এর সর্ববহিস্থ স্তরে 6টি ইলেকট্রন বিদ্যমান। অষ্টক নিয়ম অনুসারে উক্ত পরমাণু নিকটস্থ নিষ্ক্রিয় গ্যাস নিয়ন এর ইলেকট্রন বিন্যাস Ne(10) : 2, 8 অর্জনের জন্য অন্য পরমাণুর সাথে ইলেকট্রন আদান–প্রদান বা শেয়ারের মাধ্যমে 2টি ইলেকট্রন গ্রহণ করে সর্বশেষ শক্তিস্তরে 8টি ইলেকট্রন লাভের চেষ্টা করবে। অর্থাৎ X পরমাণু আয়নিক বা সমযোজী উভয় পদ্ধতিতেই বন্ধন গঠনে সক্ষম।
অন্যদিকে, Y পরমাণুর ইলেকট্রন বিন্যাস হলো :
Y (12) : 2, 8, 2
অর্থাৎ Y পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে 2টি ইলেকট্রন থাকায় শুধুমাত্র আয়নিক বন্ধনের মাধ্যমে যৌগ গঠনে সক্ষম। এক্ষেত্রে পরমাণুটি 2টি ইলেকট্রন ত্যাগ করে নিষ্ক্রিয় গ্যাস নিয়ন এর ইলেকট্রনিক কাঠামো লাভ করতে চেষ্টা করবে।

অতএব, X ও Y যৌগ গঠনকালে Y পরমাণু দুটি ইলেকট্রন ত্যাগ করে Y^{2+} ধনাত্মক আয়ন গঠন করে এবং X উক্ত ইলেকট্রনদ্বয় গ্রহণ করে X^{2-} ঋণাত্মক আয়ন গঠন করে।
Y^{2+} : 2, 8 [অষ্টক পূর্ণ কাঠামো]
X^{2-} : 2, 8
নিচে চিত্রের সাহায্যে দেখানো হলো :

উৎপন্ন আয়নদ্বয়ের আকর্ষণের ফলে আয়নিক বন্ধন গঠিত হয়। অর্থাৎ XY যৌগে আয়নিক বন্ধন বিদ্যমান।

ঘ. আলোচ্য X পরমাণুর ইলেকট্রন বিন্যাস 2, 6। অর্থাৎ X পরমাণুটি অন্য পরমাণু থেকে 2টি ইলেকট্রন গ্রহণ বা শেয়ার করে স্থিতিশীল নিষ্ক্রিয় গ্যাস নিয়নের অনুরূপ (2, 8) অষ্টকপূর্ণ ইলেকট্রন বিন্যাস অর্জনে সক্ষম।
অন্যদিকে, যেসব পরমাণুর সর্বশেষ কক্ষপথে 1টি বা 2টি যোজ্যতা ইলেকট্রন বিদ্যমান সেগুলো কেবলমাত্র আয়নিক বন্ধন গঠন করে। কেননা এক্ষেত্রে অন্য পরমাণুর সাথে সমযোজী বন্ধন গঠনে অষ্টকপূর্ণ ইলেকট্রন বিন্যাস অর্জন সম্ভব হয় না।
Y পরমাণুর ইলেকট্রন বিন্যাস 2, 8, 2। অর্থাৎ সর্বশেষ শক্তিস্তরে 2টি ইলেকট্রন বিদ্যমান। তাই এ পরমাণু অন্য পরমাণুর 2টি অযুগ্ম ইলেকট্রনের সাথে সমযোজী বন্ধন গঠন করে অষ্টকপূর্ণ স্থিতিশীল ইলেকট্রন বিন্যাস অর্জন করতে পারে না। কেবল 2টি ইলেকট্রন ত্যাগ করে ধনাত্মক আয়নে পরিণত হয় এবং অন্য কোনো ঋণাত্মক আয়নের সাথে মিলিত হয়ে আয়নিক বন্ধন গঠন করে।
অতএব, X আয়নিক ও সমযোজী উভয় ধরনের যৌগ গঠন করলেও Y কখনো সমযোজী বন্ধন গঠন করে না।

প্রশ্ন–৩

মৌল	A	D	E	R
পারমাণবিক সংখ্যা	1	6	19	17

A, D ও R প্রচলিত কোনো মৌলের প্রতীক নয়।

ক. ব্যাপন কী? ১

খ. R মৌলের যোজনী ও যোজ্যতা ইলেকট্রন ভিন্ন– ব্যাখ্যা কর। ২

গ. A ও R মৌল দুটির মধ্যে বন্ধন গঠন প্রক্রিয়া চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. DR এবং ER যৌগ দুটির মধ্যে কোনটির তড়িৎ বিশ্লেষণ সম্ভব? বিশ্লেষণ কর। ৪

৩নং প্রশ্নের উত্তর

ক. কোনো মাধ্যমে কঠিন, তরল বা গ্যাসীয় বস্তুর স্বতঃস্ফূর্ত ও সমভাবে পরিব্যাপ্ত হওয়ার প্রক্রিয়াকে ব্যাপন বলে।

খ. উদ্দীপকে উল্লিখিত R মৌলটি হলো 17 পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌল ক্লোরিন। ক্লোরিনের যোজনী এবং যোজ্যতা ইলেকট্রন ভিন্ন।
ক্লোরিনের ইলেকট্রন বিন্যাস, $Cl_{(17)} \longrightarrow 2, 8, 7$
কোনো মৌলের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ কক্ষপথে যত সংখ্যক ইলেকট্রন বা অযুগ্ম ইলেকট্রন থাকে, তাকে যোজ্যতা ইলেকট্রন বলে। ক্লোরিনের ইলেকট্রন বিন্যাস থেকে দেখা যায় যে, এর সর্বশেষ কক্ষপথে 7টি অযুগ্ম ইলেকট্রন রয়েছে। সুতরাং ক্লোরিনের যোজ্যতা ইলেকট্রন সংখ্যা 7। আবার, কোনো অধাতব মৌল তার অষ্টক কাঠামো অর্জনের জন্য যত সংখ্যক ইলেকট্রন গ্রহণ করে তাকে ঐ মৌলের যোজনী বলে। অর্থাৎ, ক্লোরিনের যোজনী এক। এজন্য ক্লোরিনের যোজনী এবং যোজ্যতা ইলেকট্রন ভিন্ন।

গ. উদ্দীপকে উল্লিখিত A এবং R মৌলদ্বয় হলো যথাক্রমে হাইড্রোজেন (H) এবং ক্লোরিন (Cl)। এদের মধ্যে সমযোজী বন্ধন গঠিত হয়।
সর্বশেষ শক্তিস্তরে নিকটতম নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস লাভের জন্য ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন গঠিত হয়, তাকে সমযোজী বন্ধন বলে। সমযোজী অণু গঠনকারী প্রতিটি পরমাণুই অধাতু। হাইড্রোজেন ছাড়া সব অধাতু মৌলেরই শেষ শক্তিস্তরে তিনের অধিক ইলেকট্রন রয়েছে। দুই–এর ও অষ্টক নিয়ম অনুসারে যৌগ গঠন করার জন্য ইলেকট্রন বর্জন করতে যতটা শক্তি প্রয়োজন তা তাদের নেই। ফলে, নিজেদের মধ্যে তারা ইলেকট্রন শেয়ার করে।
বন্ধনে অংশগ্রহণকারী পরমাণু সমসংখ্যক ইলেকট্রন যোগান দিয়ে এক বা একাধিক ইলেকট্রন যুগল সৃষ্টি করে উভয় পরমাণু সমানভাবে শেয়ার করে। কোনো পরমাণুর যোজ্যতাস্তরের ইলেকট্রন জোড় যা বন্ধন গঠনে অংশগ্রহণ করে না, তাদের মুক্তজোড় ইলেকট্রন বলে। হাইড্রোজেন (H) এবং ক্লোরিনের (Cl) সমযোজী বন্ধনে গঠিত HCl অণুর Cl পরমাণুতে তিন জোড়া মুক্ত ইলেকট্রন থাকে। যোজ্যতাস্তরের ইলেকট্রন শেয়ারের মাধ্যমে HCl অণুর সমযোজী বন্ধন গঠনের চিত্র নিম্নে দেখানো হলো :

ঘ. উদ্দীপকে উল্লিখিত DR এবং ER যৌগদ্বয় যথাক্রমে $CC1_4$ এবং KCl। এদের মধ্যে KCl আয়নিক যৌগ হওয়ায় এর তড়িৎ বিশ্লেষণ সম্ভব।
কোনো যৌগ তড়িৎ বিশ্লেষণে অংশগ্রহণ করবে কিনা সেটি মূলত নির্ভর করে দ্রবণে তড়িৎ পরিবহন করার মতো মুক্ত আয়ন আছে কিনা তার উপর। উদ্দীপকে যৌগদ্বয়ের মধ্যে DR হলো CCl_4 এবং ER হলো KCl। CCl_4 একটি অপোলার সমযোজী যৌগ। CCl_4-এ কার্বন পরমাণুসমূহ সমতলীয় স্তর আকারে সজ্জিত। প্রতিটি কার্বন পরমাণু অপর চারটি ক্লোরিন পরমাণুর সাথে সমযোজী বন্ধনে যুক্ত থাকে। ফলে এর উপাদান মৌলসমূহ জলীয় দ্রবণে

আয়নে বিশ্লিষ্ট হয় না। অন্যদিকে, আয়নিক বন্ধনে আবদ্ধ KCl একটি জলীয় দ্রবণে বিশ্লিষ্ট হয়ে K^+ এবং Cl^- আয়নদ্বয়ে বিশ্লিষ্ট হয়ে পড়ে। কারণ, KCl একটি আয়নিক যৌগ এবং পোলার অণু। যেহেতু, পানি একটি পোলার দ্রাবক এবং সাধারণত জলীয় দ্রবণে তড়িৎ বিশ্লেষণ সংঘটিত হয়। এজন্য, পোলার দ্রাবক পানিতে KCl এর পোলার অণুসমূহ আয়নে বিশ্লিষ্ট হয়ে পড়ে।

চিত্র : পানি অণু সংযোজিত K^+ ও Cl^- আয়ন

অতএব, দেখা যাচ্ছে যে, উদ্দীপকের যৌগদ্বয়ের মধ্যে CCl_4-এর তড়িৎ বিশ্লেষণ ঘটানো সম্ভব না হলেও পটাসিয়াম ক্লোরাইডের (KCl) তড়িৎ বিশ্লেষণ সম্ভব।

প্রশ্ন–৪ ▶ নিম্নের ডায়াগ্রামগুলো লৰ কর :

ক. উভমুখী বিক্রিয়া কাকে বলে? ১

খ. কার্বনিক এসিডকে দুর্বল এসিড বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. 'Y' মৌলটির দ্বিপরমাণুক অণু গঠনে রাসায়নিক বন্ধন প্রক্রিয়া বর্ণনা কর। ৩

ঘ. Y ও Z মৌল দ্বারা গঠিত যৌগ অষ্টক নিয়ম মেনে চলে কিন্তু X ও Y দ্বারা গঠিত যৌগ অষ্টক নিয়ম মেনে চলে না– বিশ্লেষণ কর। ৪

◀▶ ৪নং প্রশ্নের উত্তর ◀▶

ক. যে বিক্রিয়ায় বিক্রিয়ক পদার্থসমূহ বিক্রিয়া করে উৎপাদে পরিণত হয়, একইসাথে উৎপন্ন পদার্থসমূহ বিক্রিয়া করে পুনরায় বিক্রিয়কে পরিণত হয়, তাকে উভমুখী বিক্রিয়া বলে।

খ. কার্বনিক এসিড (H_2CO_3) জলীয় দ্রবণে আংশিক আয়নিত বলে একে দুর্বল এসিড বলা হয়।
জলীয় দ্রবণে যে এসিডের অণুগুলোর মধ্যে খুব কমসংখ্যক অণু আয়নে বিশ্লিষ্ট হয় এবং দ্রবণে কমসংখ্যক H^+ আয়ন দেয়, তারাই দুর্বল এসিড। খাবার হিসেবে আমরা দুর্বল এসিডই গ্রহণ করে থাকি। যেমন– H_2CO_3 বা কার্বনিক এসিড একটি দুর্বল প্রকৃতির এসিড। সংশ্লিষ্ট রাসায়নিক বিক্রিয়াটি নিম্নরূপ–

$H_2CO_3(aq) \rightleftharpoons 2H^+_{(aq)} + CO_3^{2-}(aq)$

গ. উদ্দীপকের 'Y' মৌলটির ইলেকট্রন সংখ্যা তথা পারমাণবিক সংখ্যা 9। সুতরাং, মৌলটি হলো ফ্লোরিন (F) যা দ্বিপরমাণুক অণু (F_2) গঠন করে।
ফ্লোরিনের (F) ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ–

$F_{(9)} \longrightarrow 1s^2 2s^2 2p^5$

আমরা জানি, বিভিন্ন মৌলের পরমাণুসমূহ নিজেদের মধ্যে ইলেকট্রন আদান–প্রদানের মাধ্যমে ও শেয়ারের দ্বারা পরমাণুসমূহের সর্বশেষ শক্তিস্তরে 2টি বা বেশির ভাগ ক্ষেত্রে 8টি ইলেকট্রনের বিন্যাস লাভ করে স্থিতিশীল দ্বিত্ব বা অষ্টক কাঠামো লাভ করতে চায়। অধাতুর সাথে বন্ধন গঠনের সময় নিয়নের যোজ্যতা স্তরের স্থায়ী অষ্টক গঠনের জন্য স্থায়ী ইলেকট্রন বিন্যাস অর্জনের জন্য ফ্লোরিনের 1টি ইলেকট্রন গ্রহণ প্রয়োজন হয়। আবার, সমযোজী বন্ধনের ক্ষেত্রে, সর্বশেষ শক্তিস্তরে স্থায়ী ইলেকট্রন বিন্যাস লাভের জন্য ইলেকট্রন বিন্যাসের মাধ্যমে বন্ধন গঠিত হয়। সুতরাং, Y-মৌলটি দ্বিপরমাণুক (F_2) অণু গঠনে সমযোজী বন্ধন প্রক্রিয়ায় অংশ গ্রহণ করে।
অথবা, F – F (F_2)

অতএব, উপরিউক্ত প্রক্রিয়ায় Y মৌলটি দ্বিপরমাণুক অণু গঠনে রাসায়নিক বন্ধনে আবদ্ধ হয়।

ঘ. উদ্দীপকে উল্লিখিত X, Y ও Z মৌল তিনটি যথাক্রমে লিথিয়াম (Li), ফ্লোরিন (F) এবং ক্যালসিয়াম (Ca)।
লিথিয়াম, ফ্লোরিন এবং ক্যালসিয়ামের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ :

Li (3) $\longrightarrow$ $1s^2 2s^1$

F (9) $\longrightarrow$ $1s^2 2s^2 2p^5$

Ca (20) $\longrightarrow$ $1s^2 2s^2 2p^6 3s^2 3sp^6 4s^2$

লিথিয়াম পরমাণু যোজ্যতাস্তরের একটি ইলেকট্রন বর্জন করে হিলিয়ামের স্থায়ী দুই–এর (duplet) এবং ফ্লোরিন পরমাণু যোজ্যতাস্তরের একটি ইলেকট্রন গ্রহণ করে নিয়নের যোজ্যতাস্তরের স্থায়ী অষ্টক (Octet) বিন্যাস লাভ করে। দুটি পরমাণু যখন কাছাকাছি আসে তখন লিথিয়াম পরমাণু তার যোজ্যতা স্তরের ইলেকট্রনটি ফ্লোরিন পরমাণুকে দান করবে এবং ফ্লোরিন সেই দানকৃত ইলেকট্রনটি গ্রহণ করে Li^+ আয়ন ও F^- আয়নে পরিণত হবে। দুটি আয়ন যুক্ত হয়ে LiF যৌগে পরিণত হবে।

চিত্র : লিথিয়াম ফ্লোরাইড যৌগ গঠন প্রক্রিয়া

অপরদিকে, ক্যালসিয়াম মৌল তার সর্বশেষ স্তরে স্থিতিশীল ইলেকট্রন বিন্যাস অর্জনের জন্য দুইটি ইলেকট্রন ত্যাগের মাধ্যমে নিষ্ক্রিয় গ্যাস আর্গনের ইলেকট্রন (অষ্টক) বিন্যাস লাভ করে। অপরদিকে, ফ্লোরিন একটি ইলেকট্রন গ্রহণ করে নিয়নের স্থিতিশীল ইলেকট্রন (অষ্টক) বিন্যাস লাভ করে।

প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

মৌল	পারমাণবিক সংখ্যা
X	8
Y	15
Z	17

ক. ভরসংখ্যা কাকে বলে? ১

খ. ব্যাপন বলতে কী বুঝায়? ২

গ. X_2 অণুর গঠন প্রক্রিয়া চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের একটি মৌলের একাধিক যোজনী বিদ্যমান–বিশ্লেষণ কর। ৪

৫নং প্রশ্নের উত্তর

ক. পরমাণুর কেন্দ্র নিউক্লিয়াসে অবস্থিত প্রোটন ও নিউট্রন সংখ্যার সমষ্টিকে নিউক্লিয়ন সংখ্যা বা ভরসংখ্যা বলে।

খ. কোনো মাধ্যমে কঠিন, তরল বা গ্যাসীয় বস্তুর স্বতঃস্ফূর্ত ও সমভাবে পরিব্যপ্ত হওয়ার প্রক্রিয়াকে ব্যাপন বলে।
একটি টেস্টটিউবে কিছু পরিমাণ বিশুদ্ধ পানি নিয়ে তাতে কয়েকটি $KMnO_4$ স্ফটিক যোগ করলে টেস্টটিউবের পুরোটা পানি খুব অল্প সময়ের মধ্যে হালকা বেগুনি রঙ ধারণ করবে। এক্ষেত্রে, কোনো বাহ্যিক চাপের প্রয়োজন হবে না। এভাবে, ব্যাপন প্রক্রিয়ার মাধ্যমে $KMnO_4$ স্ফটিকের কণাসমূহ টেস্টটিউবে ছড়িয়ে পড়ে।

গ. উদ্দীপকে উল্লেখিত X মৌলটির পারমাণবিক সংখ্যা 8। সুতরাং মৌলটি হলো অক্সিজেন। অক্সিজেন (O_2) অণুর বন্ধন গঠন প্রক্রিয়া নিচে ব্যাখ্যা করা হলো :
আমরা জানি, সর্বশেষ শক্তিস্তরে নিকটতম নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রন বিন্যাস লাভের জন্য ইলেকট্রন শেয়ারের মাধ্যমে যে বন্ধন গঠিত হয়, তাকে সমযোজী বন্ধন বলে। সমযোজী বন্ধনের ক্ষেত্রে সাধারণত দুটি অধাতব পরমাণুর মধ্যে সমযোজী বন্ধন গঠিত হয়। বন্ধনে অংশগ্রহণকারী পরমাণু সমসংখ্যক ইলেকট্রন যোগান দিয়ে এক বা একাধিক ইলেকট্রন যুগল সৃষ্টি করে যা উভয় পরমাণু সমানভাবে শেয়ার করে। সমযোজী বন্ধনে গঠিত O_2 অণুকে সমযোজী অণু বলা হয়। O_2–এর অণুসমূহ দুর্বল ভ্যানডার ওয়ালস শক্তি দ্বারা আবদ্ধ থাকে যা কম তাপমাত্রায় বিচ্ছিন্ন হয়। অক্সিজেন (O_2) অণুর বন্ধনচিত্র নিম্নরূপ–

ঘ. উদ্দীপকের Y মৌলটির পারমাণবিক সংখ্যা 15। সুতরাং মৌলটি হলো ফসফরাস। ফসফরাসের একাধিক যোজনী বিদ্যমান।
কোনো মৌলের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ কক্ষপথে যতসংখ্যক ইলেকট্রন থাকে বা যতসংখ্যক বিজোড় ইলেকট্রন থাকে, তাকে মৌলের যোজ্যতা বলে।
ধাতব মৌলের ক্ষেত্রে সর্বশেষ কক্ষপথের ইলেকট্রনের সংখ্যা এবং অধাতব মৌলের ক্ষেত্রে সর্বশেস কক্ষপথের বিজোড় ইলেকট্রন সংখ্যা মৌলের যোজ্যতা নির্দেশ করে। কোনো অধাতব মৌল তার অষ্টক পূরণের জন্য যতসংখ্যক ইলেকট্রন গ্রহণ করে সে সংখ্যাকেও ঐ মৌলের যোজ্যতা বলে। মৌলের সর্বশেষ কক্ষপথের উপস্তরসমূহের মধ্যে ইলেকট্রন পুনর্বিন্যাসের কারণে বিজোড় ইলেকট্রন সংখ্যা পরিবর্তিত হয়। এই মৌলসমূহ পরিবর্তনশীল যোজ্যতা প্রদর্শন করে।
যেমন সাধারণ অবস্থায় ফসফরাসের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ–
$P(15) \rightarrow 1s^2\ 2s^2 2p^6\ 3s^2\ 3px^1\ 3py^1\ 3p_z^1$
এক্ষেত্রে ফসফরাসের সর্বশেষ কক্ষপথের ইলেকট্রন সংখ্যা 5, সর্বশেষ কক্ষপথের বিজোড় ইলেকট্রন সংখ্যা 3। সুতরাং ফসফরাসের যোজনী 3। আবার, উত্তেজিত অবস্থায় ফসফরাসের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ–
$P^*(15) \rightarrow 1s^2\ 2s^2 2p^6\ 3s^1\ 3px^1\ 3py^1\ 3pz^1\ 3d^1$

* চিহ্ন দ্বারা মৌলের উত্তেজিত অবস্থা নির্দেশ করা হয়। এ অবস্থায় মৌলের যোজ্যতাস্তরের ফাঁকা উপস্তরে ইলেকট্রন পুনর্বিন্যস্ত হয়। এ অবস্থায় ফসফরাসের সর্বশেষ কক্ষপথের মোট এবং বিজোড় ইলেকট্রন সংখ্যা 5। তাই ফসফরাসের যোজনী 5। এজন্য উদ্দীপকের Y মৌল তথা ফসফরাসের একাধিক যোজনী + 3 এবং + 5 বিদ্যমান।

প্রশ্ন –৬ ▶ নিচে দুটি পরমাণুর ইলেকট্রন বিন্যাস দেখানো হলো :

ক. ক্যাটায়ন কী? ১
খ. আয়নিক যৌগের গলনাংক ও স্ফুটনাংক বেশি কেন? ২
গ. ইলেকট্রন বিন্যাসের মাধ্যমে X ও Y পরমাণুদ্বয়ের যৌগ গঠন প্রক্রিয়া দেখাও। ৩
ঘ. Y পরমাণুর সর্বশেষ কক্ষপথে একটি ইলেকট্রন বেশি থাকলে তা X পরমাণুর সাথে কোন বন্ধনে আবদ্ধ হতো? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

◀▶ ৬নং প্রশ্নের উত্তর ◀▶

ক. ধনাত্মক চার্জযুক্ত পরমাণুকে ক্যাটায়ন বলে। যেমন : Na^+, Ca^{2+} ইত্যাদি।

খ. আয়নিক যৌগের অণুতে ধনাত্মক ও ঋণাত্মক প্রান্ত থাকায় গলনাংক ও স্ফুটনাংক বেশি হয়।
